

## Official Spokesperson's response to media queries on a comment by the UN Office of the High Commissioner for Human Rights regarding legal action against Teesta Setalvad and two other persons

June 29, 2022

তিস্তা শেতলবাদ এবং অন্য দুইজনের বিরুদ্ধে নেওয়া আইনি পদক্ষেপের বিরুদ্ধে রাষ্ট্রসঙ্ঘের মানবাধিকার কমিশনের হাই কমিশনারের মন্তব্যের পরিপ্রেক্ষিতে সংবাদ মাধ্যমের প্রশ্নের জবাবে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

জুন 29,2022

তিস্তা শেতলবাদ এবং অন্য দুইজনের বিরুদ্ধে নেওয়া আইনি পদক্ষেপের বিষয়ে রাষ্ট্রসঙ্ঘের মানবাধিকার কমিশনের হাই কমিশনারের মন্তব্যের পরিপ্রেক্ষিতে সংবাদ মাধ্যমের জিজ্ঞাসায় সরকারি মুখপাত্র শ্রী অরিন্দম বাগচি বলেন, “তিস্তা শেতলবাদ এবং অন্য দুইজনের বিরুদ্ধে নেওয়া আইনি পদক্ষেপের বিষয়ে অফিস অফ দ্য হাইকমিশনার ফর হিউম্যান রাইটস(ওএইচসিএইচআর)- এর মন্তব্য আমরা লক্ষ্য করেছি।

ওএইচসিএইচআর-এর মন্তব্য সম্পূর্ণ অনভিপ্রেত এবং তা ভারতের স্বাধীন বিচার ব্যবস্থায় অযাচিত হস্তক্ষেপ।

বিচার ব্যবস্থার চালু পদ্ধতি অনুযায়ী আইন লঙ্ঘনের বিরুদ্ধে ভারতীয় কতৃপক্ষ কঠোর পদক্ষেপ গ্রহণ করে।

এই ধরনের আইনি পদক্ষেপকে সক্রিয়তার বিরুদ্ধে নিগ্রহ বলে দাগিয়ে দেওয়া হল ভুল পথে চালনা করা এবং তা একেবারেই গ্রহণযোগ্য নয়।“

নিউ দিল্লি

জুন 29,2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.